



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১২ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

## সিটি মেয়রের সাথে চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির নব নির্বাচিত সভাপতি এড. শেখ ইফতেখার সাইমুল চৌধুরীর সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সাথে চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির নির্বাচনে আইনজীবী সমস্যায় পরিষদ থেকে সভাপতি পদে নির্বাচিত এডভোকেট ইফতেখার সাইমুল চৌধুরী ১২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. নগর ভবনে মেয়র দপ্তরে সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে মেয়র নব নির্বাচিত সভাপতিকে অভিনন্দন জানান। তিনি বলেন, আইন পেশা সম্মানিত ও মহৎ পেশা। আইনজীবীগণ সমাজের সচেতন ও অগ্রসর প্রতিনিধি। নবনির্বাচিত কমিটি দেশে ন্যায় বিচার ও আইনের শাসন প্রতিষ্ঠায় আগামী দিনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে মেয়র আশাবাদ ব্যক্ত করেন। এসময় ২১ নং জামালখান ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন সহ কর্পোরেশনের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১২ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩ টি স্থায়ী কমিটির সভা আজ সোমবার দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। যে তিনটি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয় সে তিনটি স্থায়ী কমিটি হলো অর্থ ও সংস্থাপন,দুর্যোগ ব্যবস্থাপনা ও পরিবেশ উন্নয়ন স্ট্যান্ডিং কমিটি। তিনটি সভায় মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনটি স্থায়ী কমিটির সভায় সভাপতিত্ব করেন যথাক্রমে কাউন্সিলর শফিউল আলম, মো. আবুল হাশেম ও গোলাম মোহাম্মদ জোবায়ের। এতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর,সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, কর্পোরেশনের সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মো. সাইফুদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। সভায় সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, রাজস্ব আদায়ে গতিশীলতা আনায়নে নগরীর প্রতিটি মার্কেট ও অলিগলিতে স্থাপিত দোকান অফিসের ট্রেড লাইসেন্স যাচাই বাছাই, সিটি কর্পোরেশনের নালার উপর স্থাপিত - ০-্যাব অনুমোদিত কিনা তা যাচাই করে দেখার জন্য রাজস্ব বিভাগের কর্মকর্তাদের আরো দায়িত্বশীল হওয়ার নির্দেশ দেন। অনুষ্ঠানে বিধি বিধান অনুযায়ী অস্থায়ী কর্মচারীদের বয়স ৫৯ বছর পূর্ণ হওয়ার পর এককালীন ২ লক্ষ টাকা প্রদান এবং বিধি বিধান অনুসারে যোগ্যতা থাকা সাপেক্ষে অস্থায়ী কর্মকর্তা-কর্মচারী পোষ্যদের চাকুরী প্রদানের সিদ্ধান্ত

গৃহিত হয়। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মাধ্যমিক বিদ্যালয়, কিল্ডারগার্টেন স্কুল সমূহের ছাত্র ছাত্রীদের ভর্তি ফি, বার্ষিক বিবিধ ফি এবং মাসিক বেতন বৃদ্ধি, আয়বর্ধক প্রকল্প গ্রহন, ওয়ার্ড পর্যায়ে কর্পোরেশনের পরিত্যক্ত জায়গায় উদ্যান স্থাপন ও দুর্ঘোণপূর্ব প্রস্তুতি গ্রহন ও প্রতিকারের উপায় সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

**সংবাদদাতা**

**মো. মিজানুর রহমান**